গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারকনং-৪৪.০৩.০০০০.০৬২.১০.০৯৫.২৫- ১৭

তারিখঃ ২৪ পৌষ, ১৪৩২ / ০৮ জানুয়ারি,২০২৬

বিষয় : **বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে সংক্রান্ত অব্যাহতি নীতিমালা-২০২৬**

**ভূমিকাঃ**

১। **সাধারণঃ**

আনসার বাহিনী আইন ১৯৯৫ (১৯৯৫ সনের ৩নং আইন) এর ধারা ৭ এবং ৮ এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪ এর বিধানমতে প্রবিধান প্রণয়ন না হওয়া পর্যন্ত বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) তালিকাভুক্ত করা ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন। তৃণমূল পর্যায়ে নেতৃত্ব সৃষ্টি, উপজেলা/থানা কোম্পানী/প্লাটুন ও ইউনিয়ন প্লাটুনে বিভিন্ন পদবীর আনসার সদস্য-সদস্যাদের কর্তব্য ও দায়িত্বের পরিধি বৃদ্ধি, পেশাগত দায়িত্ব পালনে উন্নতি ঘটানো ও জবাবদিহিতা নিশ্চিত করণার্থে এ নীতিমালা প্রণয়ন করা হল।

২। **শিরোনাম ও কার্যকারিতাঃ**

এ নীতিমালা বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা-২০২৬ নামে অভিহিত হবে এবং ইহা জারীর তারিখ হতে কার্যকর হবে।

৩। **উদ্দেশ্যঃ**

আনসার বাহিনী আইন ১৯৯৫ (১৯৯৫ সনের ৩নং আইন) এর আলোকে বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি প্রদানের পদ্ধতির প্রয়োজনীয় দিক নির্দেশনা ও নির্দেশাবলী প্রদানই এ নীতিমালার উদ্দেশ্য।

৪। **তালিকাভুক্তিঃ**

**সদস্য হিসেবে তালিকাভুক্তি**

উপজেলা/থানা আনসার মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সকল সদস্যই নিজ নিজ এলাকায় কোম্পানী বা প্লাটুনে আনসার সদস্য হিসেবে তালিকাভুক্ত (Enlisted) সদস্য/সদস্যা বলে গণ্য হবেন। তবে তালিকাভুক্ত কোন ব্যক্তি যদি নিম্নের কোন শর্ত ভঙ্গ করেন তবে তাকে তালিকা হতে বাদ দেয়া হবেঃ

ক) বাংলাদেশের নাগরিক এবং দেশের স্থায়ী বাসিন্দা না হন;
খ) বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করে থাকেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন;
গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়াত্ব অবসান হয়েছে মর্মে ঘোষণা না করা হয়;
ঘ) কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিক ভারসাম্যহীন বিবেচিত হন;
ঙ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অভিযুক্ত হিসেবে চিহ্নিত হন বা সাজাপ্রাপ্ত হন;
চ) এলাকায় অসামাজিক কার্যকলাপে রত হন বা ছিলেন মর্মে কুখ্যাতি থাকে;
ছ) নৈতিক স্খলনজনিত অপরাধে কোন উপযুক্ত আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হন;
জ) কোন অপরাধে সরকারী চাকরি হতে বরখাস্ত হন;
ঝ) শৃংখলা জনিত কারণে সদস্য পদ বাতিল করা হয়েছে বা বহিষ্কার করা হয়েছে এমন কোন পিসি, এপিসি, আনসার বা ভিডিপি/টিডিপি সদস্য।

৫। **উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর গঠন:**

ক) প্রতি উপজেলা/থানায় ন্যূনতম ০১ (এক) টি উপজেলা/থানা আনসার কোম্পানী (পুরুষ) ও ০১ (এক) টি প্লাটুন (মহিলা) এবং প্রতি ইউনিয়নে ন্যূনতম ০১ (এক) টি ইউনিয়ন আনসার প্লাটুন (পুরুষ) ও ০১ (এক) টি প্লাটুন (মহিলা) গঠিত হবে। প্রতি কোম্পানীর সদস্য সংখ্যা হবে ন্যূনতম ১১৫ (একশত পনের) জন এবং প্রতি প্লাটুনের সদস্য হবে ন্যূনতম ৩২ (বত্রিশ) জন।

খ) উপজেলা/থানা আনসার (পুরুষ) কোম্পানীতে ০১ (এক) জন কোম্পানী কমান্ডার ও ০১ (এক) জন সহকারী কোম্পানী কমান্ডার থাকবে। উপজেলা/থানা আনসার (মহিলা) প্লাটুন এ ০১ (এক) জন প্লাটুন কমান্ডার ও ০১ (এক) জন সহকারী প্লাটুন কমান্ডার থাকবে। ইউনিয়ন আনসার (পুরুষ) প্লাটুনে ০১ (এক) জন প্লাটুন কমান্ডার ও ০১ (এক) জন সহকারী প্লাটুন কমান্ডার থাকবে। ইউনিয়ন আনসার (মহিলা) প্লাটুনে ০১ (এক) জন প্লাটুন কমান্ডার ও ০১ (এক) জন সহকারী প্লাটুন কমান্ডার থাকবে। উল্লেখিত কোম্পানী কমান্ডার সহকারী কোম্পানী কমান্ডার, প্লাটুন কমান্ডার, সহকারী প্লাটুন কমান্ডার পদসমূহ সম্মানী ভাতা ভিত্তিক হবে।

৬। **সম্মানীভাতা ভিত্তিক তালিকাভুক্তির মেয়াদ :**

(ক) উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার, উপজেলা/থানা মহিলা প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার, ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার ও সহকারী কমান্ডার তালিকাভুক্তির মেয়াদকাল হবে ০৫ (পাঁচ) বছর। বিশেষ বিবেচনায় পূর্ববর্তী কর্তব্যকাল/দায়িত্বকাল সন্তোষজনক বিবেচিত হলে জেলা কমান্ড্যান্টের সুপারিশের ভিত্তিতে রেঞ্জ কমান্ডার পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য পুনরায় তালিকাভুক্ত করতে পারবেন । তবে তৃণমূল নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে কোনক্রমেই একজনকে ২৫ (পঁচিশ) বছরের বেশী সময় পদে রাখা যাবে না। বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের দায়িত্ব পালনের সর্বোচ্চ বয়সসীমা হবে ৬০ (ষাট) বছর।

(খ) উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডার হিসেবে ২৫ বছর দায়িত্বকাল অথবা বয়স ৬০ (ষাট) বছর পূর্তি, দু'টির মধ্যে যেটি আগে সংঘটিত হয় তার ভিত্তিতে দায়িত্বকালের অবসান হবে।

৭। **সম্মানীভাতা ভিত্তিক তালিকাভুক্তির ক্ষমতাঃ**

উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যাদের সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টগণ এ নীতিমালার বিধান সাপেক্ষে তালিকাভুক্ত করতে পারবেন ।

৮। **তালিকাভুক্তির জন্য বাছাই কমিটিঃ**

সংশ্লিষ্ট উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর অন্তর্গত সক্রিয়ভাবে কর্মরত সদস্য/সদস্যাদের মধ্য হতে কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার হিসেবে বাছাই করার জন্য নিম্নবর্ণিত কমিটি কাজ করবেঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | জেলা কমান্ড্যান্ট (সংশ্লিষ্ট) | - | সভাপতি |
| খ। | রেঞ্জের উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| গ। | সহকারী জেলা কমান্ড্যান্ট (সংশ্লিষ্ট) | - | সদস্য |
| ঘ। | সার্কেল অ্যাডজুটান্ট (সংশ্লিষ্ট)/ইউএভিডিও (সদর) | - | সদস্য-সচিব |
| ঙ। | ইউএভিডিও/টিএভিডিও (সংশ্লিষ্ট) | - | সদস্য |
| চ। | ইউআই/টিআই (পুরুষ ও মহিলা) সংশ্লিষ্ট | - | সদস্য |

ব্যাখ্যাঃ

(১) কোন জেলায় সহকারী জেলা কমান্ড্যান্ট কর্মরত না থাকলে/ সহকারী জেলা কমান্ড্যান্ট জেলা কমান্ড্যান্ট এর দায়িত্ব পালন করলে কমিটিতে সহকারী জেলা কমান্ড্যান্ট এর পদটি খালি থাকবে।

(২) কোন জেলায় সার্কেল অ্যাডজুট্যান্ট জেলা কমান্ড্যান্ট এর দায়িত্ব পালন করলে উক্ত জেলার সদর উপজেলার আনসার-ভিডিপি কর্মকর্তা সদস্য-সচিব হবেন। সদর উপজেলার আনসার-ভিডিপি কর্মকর্তা পদটি শূন্য থাকলে কমিটির পরবর্তী জ্যৈষ্ঠ কর্মকর্তা সদস্য সচিব হবেন।

৯। <u>উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সম্মানী ভাতাভিত্তিক পদে তালিকাভুক্তির যোগ্যতাঃ</u>

উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সম্মানী ভাতাভিত্তিক পদে তালিকাভুক্তির জন্য আগ্রহী প্রার্থীর নিম্নরূপ যোগ্যতা থাকতে হবেঃ

(ক) বয়স : পুরুষ : ২৫-৩৫ বৎসর;
মহিলা : ২৫-৩৫ বৎসর;

(খ) শিক্ষাগত যোগ্যতা : ক) উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার পদে ন্যূনতম এসএসসি পাস
খ) সহকারী উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার এবং প্লাটুন কমান্ডার ও সহকারী প্লাটুন কমান্ডার পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাস হতে হবে।

(গ) শারীরিক যোগ্যতা: শারীরিক ও মানসিকভাবে ফিট।
(১) উচ্চতা: পুরুষ : ৫' - ৪" ; (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী : ৫'-২")
মহিলা : ৫' - ০" । (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী: ৪'-৮")
[অধিক উচ্চতা সম্পন্নপ্রার্থীগণ অগ্রাধিকার পাবেন]

(২) বুকের মাপ : পুরুষ: ৩০" - ৩২";
মহিলা: প্রযোজ্য নয়;

(ঘ) প্রশিক্ষণ : উপজেলা/থানা আনসার মৌলিক প্রশিক্ষণ, উপজেলা/থানা আনসার অ্যাডভান্সড কোর্স এ উত্তীর্ণ নির্বাচিত সদস্যরা 'উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডারস প্রশিক্ষণ' গ্রহণ করবেন।

(ঙ) অভিজ্ঞতা :

I. ইউনিয়ন প্লাটুন কমান্ডার, সহকারী প্লাটুন কমান্ডার পদের জন্য উপজেলা/থানা আনসার কোম্পানী/প্লাটুন এবং ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যা হিসেবে ন্যূনতম ০২ (দুই) বছর সক্রিয়ভাবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
II. সহকারী উপজেলা/থানা কোম্পানী কমান্ডার পদের জন্য অবশ্যই ন্যূনতম ০১ (এক) বছর ইউনিয়ন প্লাটুন কমান্ডার/ সহকারী প্লাটুন কমান্ডার হিসেবে সক্রিয়ভাবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
III. উপজেলা/ থানা কোম্পানী কমান্ডার পদের জন্য অবশ্যই ন্যূনতম ০২ (দুই) বছর সহকারী উপজেলা/থানা কোম্পানী কমান্ডার হিসেবে সক্রিয়ভাবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
IV. সামাজিক নিরাপত্তা, জননিরাপত্তা ও উন্নয়নমূলক কাজে ২ বছর সক্রিয়ভাবে অংশগ্রহণ। সমাজে আনসার স্বেচ্ছাসেবীদের নেতৃত্ব প্রদানের ক্ষেত্রসমূহে (পূজা/নির্বাচনে দায়িত্ব পালন, উদ্যোক্তা, দৃষ্টান্তমূলক সামাজিক কর্মকাণ্ড,স্বত:প্রণোদিত ও নিবেদিত স্বেচ্ছাসেবা ইত্যাদি) ভূমিকা রয়েছে এমন আনসার সদস্য অগ্রাধিকার পাবেন। তবে তালিকাভুক্তির অন্যান্য শর্ত আবশ্যিকভাবে পূরণ করতে হবে।

(চ) অগ্রাধিকার :

I. আনসার-ভিডিপি পরিবারের সদস্য-সদস্যা (কর্মকর্তা, কর্মচারী, আনসার ব্যাটালিয়ন বা প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য/সদস্যার স্বামী/স্ত্রী/সন্তান); তবে, তালিকাভুক্তির অন্যান্য শর্ত আবশ্যিকভাবে পূরণ করতে হবে।
II. আনসার/পেশাভিত্তিক/যুগপৎ যুদ্ধকৌশল প্রশিক্ষণপ্রাপ্ত।
III. বুদ্ধিভিত্তিক সৃজনশীল কার্যক্রমে সম্পৃক্ত স্বেচ্ছাসেবী।
IV. কম্পিউটার চালনায় দক্ষ প্রার্থী।

* (শর্ত সাপেক্ষে) তালিকাভুক্তির ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা শিথিল করার ক্ষেত্রে মহাপরিচালক বা তার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্তৃপক্ষ প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন করবেন।

(ছ) তালিকাভুক্তির ক্ষেত্রে অযোগ্যতাঃ

নিম্নবর্ণিত বিষয়সমূহ তালিকাভুক্তির ক্ষেত্রে অযোগ্যতা হিসেবে বিবেচিত হবেঃ
ক) বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করে থাকেন বলে প্রমাণিত হয়।
খ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়াত্ব অবসান হয়েছে মর্মে ঘোষণা না করা হয়;
গ) কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিক ভারসাম্যহীন বিবেচিত হন;

ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হন;

ঙ) কোন অপরাধে পূর্ববর্তী কোন চাকরি হতে বরখাস্ত হন;

চ) শৃংখলাজনিত কারণে সদস্য পদ বাতিল করা হয়েছে বা বহিষ্কার করা হয়েছে এমন কোন আনসার ভিডিপি বাহিনীর সদস্য/সদস্যা।

১০। **তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ**

উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার ও সহকারী কমান্ডার হিসেবে তালিকাভুক্তির জন্য আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত কাগজ/দলিলাদি বাছাই কমিটির নিকট উপস্থাপন করতে হবেঃ

(ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশন/ওয়ার্ডের কাউন্সিলর/ ইউএভিডিও/টিএভিডিও কর্তৃক সত্যায়িত "সদ্য তোলা" পাসপোর্ট সাইজ ছবি - ৩ কপি।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর (যেখানে যেটি প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব এবং স্থায়ী বাসিন্দার সনদপত্র।

(গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(ঘ) প্রশিক্ষণ সনদপত্র।

(ঙ) সংশ্লিষ্ট ইউএভিডিও/টিএভিডিও কর্তৃক ০২ (দুই) বছর উপজেলা/থানা আনসার কোম্পানী/প্লাটুন এবং ইউনিয়ন আনসার প্লাটুনভুক্ত সদস্য-সদস্যা হিসেবে সক্রিয়ভাবে কাজ করার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

(চ) সংশ্লিষ্ট উপজেলা/থানা আনসার-ভিডিপি কর্মকর্তার উপস্থিতিতে স্বাক্ষরিত শপথনামা।

(ছ) জাতীয় পরিচয়পত্র।

(জ) রক্তের গ্রুপ।

(ঝ) শারীরিক যোগ্যতার স্বপক্ষে সরকারী হাসপাতালের চিকিৎসকের সনদপত্র।

(ঞ) ব্যক্তিগত তথ্য পূরণকৃত ফরম (পরিশিষ্ট-'চ')।

(ট) অফিস কর্তৃক পূরণকৃত ফরম (পরিশিষ্ট-'ছ')।

(ঠ) আভি উন্নয়ন ব্যাংকের হিসাব নম্বর (হিসাব খোলার প্রমাণপত্র)

(ঢ) মোবাইল ব্যাংকিং সার্ভিস (বিকাশ/রকেট/নগদ ইত্যাদি)।

১১। **তালিকাভুক্তির পদ্ধতিঃ**

এ নীতিমালার ৮-এ বর্ণিত কমিটি উপজেলা/ থানা আনসার কোম্পানী, উপজেলা/ থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডার শূন্যপদ পূরণের লক্ষ্যে উন্মুক্ত নোটিশের মাধ্যমে উপজেলা/থানা আনসার অ্যাডভান্সড প্রশিক্ষণ সম্পন্নকারীদের মধ্য হতে প্রাথমিকভাবে উপযুক্ত জনবল বাছাই করবে। সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট তাঁর জেলার জন্য উপজেলা/ থানা আনসার কোম্পানী, উপজেলা/ থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের কমান্ডার ও সহকারী কমান্ডার পদে প্রাথমিকভাবে বাছাইকৃতদের তালিকাভুক্তির লক্ষ্যে পুলিশী প্রতিবেদন সংগ্রহ করবেন। সন্তোষজনক পুলিশী প্রতিবেদন এবং বাহিনীর নিজস্ব পদ্ধতিতে সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্ত সদস্যগণ সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক একাডেমি/রেঞ্জ ও উপযুক্ত কর্তৃপক্ষের তত্ত্বাবধানে নীতিমালার-৯ ক্রমিক (ঘ) এ উল্লিখিত প্রশিক্ষণ গ্রহণ করবেন। সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীগণ তালিকাভুক্তির জন্য নীতিমালা-৯ এ উল্লিখিত অন্যান্য শর্তাদি পূরণ করলে, প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তালিকাভুক্তির জন্য যোগ্য জনবলের তালিকা প্রকাশ করবেন। এ তালিকা হতে রেঞ্জ কমান্ডারের অনুমোদনক্রমে তালিকাভুক্তির জন্য যোগ্য কোন সদস্য যে উপজেলা/থানা/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা তাকে সে উপজেলা/থানা কোম্পানী/প্লাটুন এবং ইউনিয়ন আনসার প্লাটুন এর শূণ্যপদের বিপরীতে ০৫ বছরের জন্য সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট কর্তৃক তালিকাভুক্তিপত্র/ দায়িত্বপ্রদান পত্র প্রদান করা হবে **(পরিশিষ্ট-'ক')**। তালিকাভুক্তির পর সংশ্লিষ্ট উপজেলা/থানা/জেলা আনসার ভিডিপি কার্যালয়ে জেলা কমান্ড্যান্ট এর তত্ত্বাবধানে ও নির্দেশনা মোতাবেক ১৪ কর্মদিবস ইন্টার্নশীপ (শিক্ষানবিশ/ব্যবহারিক প্রশিক্ষণ) গ্রহণ করবেন। তালিকাভুক্তিপত্রের/ দায়িত্বপ্রদান পত্রের দপ্তর কপি, শপথনামা **(পরিশিষ্ট-'খ')**, পুলিশী প্রতিবেদন ও অন্যান্য সকল ব্যক্তিগত ডকুমেন্ট জেলা কার্যালয়ে ও সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ে সংশ্লিষ্ট ব্যক্তির ব্যক্তিগত নথিতে সংরক্ষিত থাকবে।

১২। অব্যাহতি

ক) মেয়াদকাল শেষ হলেঃ

কোন উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের কমান্ডার ও সহকারী কমান্ডার পদে তালিকাভুক্তি/দায়িত্বপ্রাপ্তির পর ৫ (পাঁচ) বছর পর্যন্ত কর্মরত থাকবেন। তালিকাভুক্তি/দায়িত্বপ্রাপ্তির তারিখ হতে পাঁচ বছর পূর্তির দিনে স্বয়ংক্রিয়ভাবে তার তালিকাভুক্তি বাতিল হবে/দায়িত্বকালের অবসান হবে।

তবে ভাতাভিত্তিক পদে থাকাকালীন কর্তব্যপরায়ণতা, সামাজিক উন্নয়নমূলক উল্লেখযোগ্য কর্মকান্ড, রাষ্ট্রীয় বিভিন্ন কর্মকান্ডে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন, প্রশংসামূলক কাজ ও শৃঙ্খলা পরিপন্থী কোন আচরণ বা কাজে সম্পৃক্ত না থাকলে এবং তালিকাভুক্তি/দায়িত্বপ্রাপ্তির তারিখ হতে চার (৪) বছর পূর্ণ হওয়ার পর সফলভাবে সতেজকরণ প্রশিক্ষণ সম্পন্ন করার পর জেলা কমান্ড্যান্টের সুপারিশক্রমে পরবর্তী মেয়াদের জন্য সংশ্লিষ্ট রেঞ্জ কমান্ডার তালিকাভুক্তকরণ/দায়িত্ব প্রদানের অনুমোদন প্রদান করবেন।

প্রশিক্ষণ পরিদপ্তর সতেজকরণ প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। মেয়াদ বৃদ্ধি না হলে সন্তোষজনকভাবে দায়িত্বপালন শেষে সংশ্লিষ্ট কমান্ডার ও সহকারী কমান্ডার পদ হতে অব্যাহতি প্রদান করতে হবে **(পরিশিষ্ট 'ঘ')** এবং **(পরিশিষ্ট 'গ')** এ বর্ণিত পত্রের অনুরূপ প্রশংসাসূচকপত্র বা 'Letter of Appreciation' (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করবেন। মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে অবশ্যই ৫ (পাঁচ) বছরের মেয়াদ পূর্তির ন্যূনতম ১ (এক) মাস পূর্বে সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

খ) মৃত্যুবরণ/পদত্যাগ করলেঃ

ভাতাভিত্তিক পদে নিয়োজিত কোন সদস্য-সদস্যা মৃত্যুবরণ করলে, মৃত্যুবরণের তারিখ হতে তার পদটি শূণ্য হিসেবে বিবেচিত হবে। এছাড়া কোন সদস্য-সদস্যা জেলা কমান্ড্যান্ট বরাবরে নিজ স্বাক্ষরযুক্ত পত্রযোগে ব্যক্তিগতভাবে পদত্যাগপত্র দাখিল করতে পারবেন। পদত্যাগপত্রে পদত্যাগের তারিখ উল্লেখ না থাকলে জেলা কমান্ড্যান্ট যে তারিখে পত্র পাবেন সে তারিখ হতে জেলা কমান্ড্যান্ট এর অনুমোদন সাপেক্ষে পদত্যাগ কার্যকর হবে এবং পদত্যাগকারীর পদ শূন্য হবে। উভয় ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট অফিস আদেশ জারি করবেন।

গ) শৃংখলাজনিত কারণেঃ

শৃংখলাভঙ্গের কারণে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে নীতিমালা- ১৩, ১৪, ১৫ ও ১৬-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে একজন উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদেরকে তালিকাভুক্তি বাতিল/দায়িত্ব হতে অব্যহতি প্রদান করা যাবে। শৃংখলাজনিত কারণে তালিকাভুক্তি বাতিল/দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলে তার সদস্যপদ খারিজ হবে এবং কোন ধরনের আর্থিক সুবিধা দেয়া হবে না।

ঘ) পেশাগত কাজে অযোগ্য এবং শারীরিক/মানসিকভাবে অক্ষম হলে

উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের দায়িত্ব পালনকালীন সময়ে পেশাগত দায়িত্ব পালনে অযোগ্য বিবেচিত হলে কিংবা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক শারীরিক বা মানসিকভাবে অক্ষম বলে ঘোষিত হলে জেলা কমান্ড্যান্ট কর্তৃক অব্যাহতি দেয়া হবে।

ঙ) স্থায়ী আবাসস্থল (ঠিকানা) পরিবর্তন হলেঃ

বৈবাহিক বা অন্য কোন কারণে সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়নের বাইরে স্থায়ীভাবে বসবাস শুরু করলে জেলা কমান্ড্যান্ট কর্তৃক অব্যাহতি দেয়া হবে। তবে এক্ষেত্রে পরিবর্তিত ঠিকানায় উক্ত পদ শূন্য হলে/থাকলে প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে তিনি উক্ত ঠিকানায় তালিকাভুক্ত হতে পারবেন। ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন শহরে বসবাসকারীদের ক্ষেত্রে উক্ত নিয়ম শিথিলযোগ্য হবে।

চ) স্থানীয় সরকার/জাতীয় নির্বাচনে অংশগ্রহণঃ

কোন উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারগণ স্থানীয় সরকার/জাতীয় নির্বাচনে প্রার্থী হিসেবে অংশগ্রহণ করলে উক্ত উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এ তার পদটি বাতিল হবে। এছাড়াও রাজনৈতিক দলের যে কোন পদে অধিষ্ঠিত থাকলে উক্ত উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এ তার পদটি বাতিল হবে।

ছ) নিজ দায়িত্বপূর্ণ এলাকার বাইরে/অভ্যন্তরে চাকুরী করার ক্ষেত্রে।

কোন উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারগণ অত্র বাহিনীতে অন্য কোন পদে চাকুরীরত থাকলে তার ভাতাভিত্তিক পদ হতে তালিকাভুক্তি বাতিল হবে। অত্র বাহিনী ব্যতীত নিজ দায়িত্বপূর্ণ এলাকার বাইরে/অভ্যন্তরে অন্য কোন সংস্থায় চাকুরীরত থাকলেও দায়িত্বপূর্ণ এলাকার অভ্যন্তরে স্থায়ীভাবে বসবাস করতে হবে; অন্যথায় তার ভাতাভিত্তিক পদ হতে তালিকাভুক্তি বাতিল হবে।

জ) মহাপরিচালক কর্তৃক নির্ধারিত অন্যান্য কারনেঃ

মহাপরিচালক স্বীয় বিবেচনায় যে কোন কমান্ডার ও সহকারী কমান্ডারকে তালিকাভুক্তি বাতিল বা দায়িত্ব হতে অব্যাহতি দেয়ার আদেশ দিতে পারবেন। সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট মহাপরিচালকের নির্দেশ অনুসারে তালিকাভুক্তি বাতিল বা দায়িত্ব হতে অব্যাহতির আদেশ জারী করবেন। মহাপরিচালকের আদেশ প্রদানের তারিখ হতে এ অব্যাহতি আদেশ কার্যকর হবে। মহাপরিচালকের আদেশ ব্যতীত সংশ্লিষ্ট ব্যক্তিকে পুনঃ বহাল করা যাবে না।

১৩। অপরাধ, শাস্তি প্রদান ও শাস্তি পুনর্বিবেচনা পদ্ধতিঃ

ক) অপরাধ ও শাস্তি প্রদান

কোন উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের বিরুদ্ধে পরিশিষ্ট -'জ' তে বর্ণিত শাস্তি আরোপ করা যাবে। শাস্তি আরোপ সকল ক্ষেত্রেই লিখিত আদেশ দ্বারা জারী করা হবে। সকল প্রকার শাস্তি আরোপের ক্ষেত্রে সদর দপ্তর ভিডিপি শাখা, রেঞ্জ দপ্তর ও সংশ্লিষ্ট উপজেলা দপ্তরকে অবগতি কপি দিতে হবে। তবে কমান্ডার ও সহকারী কমান্ডারকে অব্যাহতি বা সদস্যপদ বাতিল আদেশের ক্ষেত্রে সদর দপ্তর, প্রশিক্ষণ ভিডিপি শাখা, রেঞ্জ দপ্তর ও উপজেলা দপ্তরের পাশাপাশি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা ও উপজেলা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-কে অবগতির কপি দিতে হবে। শাস্তি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্টকে আত্মপক্ষ সমর্থনের যথাযথ সুযোগ প্রদান করতে হবে।

১৪। শাস্তি প্রদান পদ্ধতিঃ

কোন উপজেলা/ থানা আনসার কোম্পানী, উপজেলা/ থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডার এর বিরুদ্ধে **পরিশিষ্ট-'জ'** -এ বর্ণিত এক বা একাধিক অভিযোগ উত্থাপিত হলে জেলা কমান্ড্যান্ট নিজে অথবা জেলা দপ্তরের কোন কর্মকর্তাকে সভাপতি করে তদন্ত পর্ষদ গঠন করবেন। অভিযোগের সাথে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা বা কর্মচারী উক্ত তদন্ত পর্ষদে অন্তর্ভুক্ত হবেন না। অভিযোগের তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর জেলা কমান্ড্যান্ট অভিযুক্তকে ৭ দিনের সময় দিয়ে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে **"কারণ দর্শাও"** নোটিশ জারী করবেন। জবাব প্রাপ্তির পর জবাব সন্তোষজনক বলে প্রতীয়মান হলে তাকে অভিযোগ হতে অব্যাহতি দিবেন। জবাব সন্তোষজনক না হলে **পরিশিষ্ট-'জ'** মোতাবেক উপযুক্ত শাস্তি প্রদান করবেন। তবে কোন শাস্তি প্রদানের জন্য ঊর্ধ্বতন দপ্তরের (উপমহাপরিচালক রেঞ্জ) অনুমোদন প্রয়োজন হলে তিনি শাস্তির বিষয়টি উল্লেখ করে অনুমোদন চাইবেন। এক্ষেত্রে তিনি অভিযোগ ও তদন্ত কার্যক্রমের সকল কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করবেন। ঊর্ধ্বতন দপ্তর বিষয়টি বিবেচনা করে সুপারিশকৃত শাস্তি অনুমোদন করবেন অথবা অন্য কোন শাস্তি প্রদানের জন্য নির্দেশনা দিবেন। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের (উপমহাপরিচালক রেঞ্জ) অনুমোদন বা নির্দেশনা প্রাপ্তির পর সে মোতাবেক শাস্তির আদেশ জারী করতে হবে।

১৫। শাস্তি প্রদানকারী কর্তৃপক্ষঃ

পরিশিষ্ট-'জ' মোতাবেক।

১৬। শাস্তির প্রকার/ব্যাখ্যাঃ

ক) ভাতা কর্তন বলতে নির্দিষ্ট সংখ্যক দিনের ভাতা কর্তন বুঝাবে। কর্তনকৃত অর্থ চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা করতে হবে।

খ) তিরস্কার/কঠোর তিরস্কার বলতে অভিযুক্ত ব্যক্তির অভিযোগ প্রমাণিত হওয়ার প্রেক্ষিতে মৌখিক ও লিখিতভাবে "কড়া ভাষায় ভর্ৎসনা" করা বুঝাবে।

গ) দায়িত্ব হতে অব্যাহতি/ তালিকাভুক্তি বাতিল বলতে, বর্তমান পদ হতে অপসারণ বুঝাবে।

ঘ) শৃংখলাজনিত কারণে দায়িত্ব হতে অব্যাহতি/তালিকাভুক্তি বাতিল বলতে, বর্তমান পদ হতে অপসারণ, প্রাথমিক সদস্য পদ খারিজ ও বাহিনী হতে প্রাপ্ত সকল প্রশিক্ষণ সনদপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি বাহিনীর অন্য কোন পদে নিয়োজিত হতে বা অন্য কোন প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন না। এছাড়া আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক হতে প্রাপ্ত সকল ধরনের সুযোগ-সুবিধার বাহিরে থাকিবে।

* শাস্তিমূলক ব্যবস্থার জারীকৃত পত্রে শাস্তি প্রাপ্ত ব্যক্তি শাস্তি পুনর্বিবেচনা করতে আগ্রহী কিনা এবং আগ্রহী হলে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৭। **শাস্তি পুনর্বিবেচনা পদ্ধতিঃ**

কোন শাস্তি প্রাপ্ত সদস্য শাস্তির বিরুদ্ধে শাস্তি পুনর্বিবেচনার আবেদন করতে চাইলে তাকে শাস্তি প্রদানের ৩০ (ত্রিশ) পঞ্জিকা দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন জমা দিতে হবে। কর্তৃপক্ষ (**পরিশিষ্ট-'জ'** মোতাবেক) আবেদনটি ০৭ (সাত) পঞ্জিকা দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন। কর্তৃপক্ষ ৯০ (নব্বই) পঞ্জিকা দিবসের মধ্যে শাস্তি পুনর্বিবেচনার আবেদন নিষ্পত্তি করবেন।

১৮। **শাস্তি পুনর্বিবেচনা কর্তৃপক্ষ:** **পরিশিষ্ট-'জ'** ' মোতাবেক

১৯। **পুনর্বিবেচনার রিভিউ আবেদনঃ**

পুনর্বিবেচনার সিদ্ধান্তের বিষয়ে সংক্ষুব্ধ ব্যক্তি ৩০ কার্যদিবসের মধ্যে অতিরিক্ত মহাপরিচালক বরাবরে আবেদন জানাতে পারবেন। আবেদনের বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। **শাস্তির রেকর্ড সংরক্ষণঃ**

জেলা কমান্ড্যান্ট শাস্তিপ্রাপ্ত কমান্ডার/সহকারী কমান্ডার রেকর্ড একটি রেজিষ্টারের মাধ্যমে সংরক্ষণ করবেন। এছাড়া AVMIS সফটওয়্যারে শাস্তির বিষয়টি অন্তর্ভূক্ত করতে হবে এবং সদর দপ্তর ভিডিপি শাখা কর্তৃক কেন্দ্রীয় রেকর্ড ফাইলে সংরক্ষণ করতে হবে।

২১। **সংরক্ষণ ও হেফাজতঃ**

ইতোপূর্বে জারীকৃত উপজেলা/ থানা আনসার কোম্পানী, উপজেলা/ থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডার নিয়োগ ও অপসারণ সংক্রান্ত সকল নীতিমালা এতদ্বারা রহিত করা হল।

২২। **সংশোধন ও পরিমার্জনঃ**

এ নীতিমালা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে প্রয়োজনে সংশোধন/সংযোজন/বিয়োজন এবং পরিবর্তন করা যাবে। বর্ণিত নীতিমালার ক্রমিক (৯) এ উল্লিখিত সম্মানীভাতা ভিত্তিক উপজেলা/ থানা আনসার কোম্পানী, উপজেলা/ থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডার পদে তালিকাভুক্তির ক্ষেত্রে সদর দপ্তরের অনুমোদন সাপেক্ষে এক বা একাধিক যোগ্যতা শিথিল করা যাবে।

উপসংহারঃ

২৩। বাংলাদেশ আনসার ও ভিডিপি বাহিনীর ঐতিহ্য, ভাবমূর্তি ও সুনাম সমুন্নত রাখা এবং তৃণমূল পর্যায়ে আইন অনুযায়ী প্রদত্ত দায়িত্ব যথাযথভাবে পালনকল্পে এ নীতিমালা জারীর তারিখ থেকে সংশ্লিষ্ট সকলে এ নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২৪। ইহা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হল।

উপমহাপরিচালক (প্রশিক্ষণ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.১০.০৯৫.২৫.

তারিখঃ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ। / জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | |
|---|---|
| ১। মহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।<br>২। অতিরিক্ত মহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।<br>৩। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।<br>৪। ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার-ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | সদয় অবগতির জন্য। |
| ৫। উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>...............................................রেঞ্জ। | সদয় অবগতি/অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৬। পরিচালক, ঢাকা/চট্টগ্রাম মহানগর আনসার<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা/চট্টগ্রাম।<br>৭। উপপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল)<br>....................................................................<br>৮। জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক (সকল)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ...............................।<br>৯। উপজেলা/থানা আনসার-ভিডিপি কর্মকর্তা (সকল)<br>....................................................................। | অবগতি ও কার্যক্রমের জন্য। |

১০। অফিস কপি/মাস্টার কপি।

উপমহাপরিচালক (প্রশিক্ষণ)

**বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/ থানা আনসার কোম্পানী, উপজেলা/ থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা-২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.................................

তারিখ:............................

স্মারক নং-

প্রতি : .......................................................
.......................................ইউনিয়ন
..................উপজেলা/থানা.....................জেলা।

বিষয় : ভাতা ভিত্তিক উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার (পুরুষ), উপজেলা/থানা সহকারী অনসার কোম্পানী কমান্ডার (পুরুষ), উপজেলা/থানা আনসার প্লাটুন কমান্ডার (মহিলা), উপজেলা/থানা সহকারী প্লাটুন আনসার কমান্ডার (মহিলা), ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার (পুরুষ), ইউনিয়ন সহকারী আনসার প্লাটুন কমান্ডার (পুরুষ) পদে তালিকাভুক্তি সংক্রান্ত।

বরাত : সম্মানীভাতা ভিত্তিক উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা-২০২৬ অনুচ্ছেদ ....

(তালিকাভুক্তি পত্রের স্মারক নং)

জনাব ...........................................................................................। আপনি উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর সদস্য-সদস্যাদের তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা-২০২৬' এর অনুচ্ছেদ ০৯ এ বর্ণিত শর্ত ও যোগ্যতাসমূহ পূরণ করায় এবং সন্তোষজনক পুলিশী প্রতিবেদন পাওয়া সাপেক্ষে আপনাকে শূন্য পদের বিপরীতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ..................................................ইউনিয়ন/ওয়ার্ড ................................উপজেলায়/থানায় ......................................জেলায় আগামী ..................................খ্রি: হতে আগামী .............................. খ্রি. পর্যন্ত ০৫ (পাঁচ) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (পদের নাম উল্লেখ করতে হবে).........................................তালিকাভুক্ত করা হলো।

শর্তাবলী :

ক) এই তালিকাভুক্তি যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

খ) .........................খ্রি: তারিখ অপরাহ্নের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে, তার তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।

গ) সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টের তত্ত্বাবধানে শিক্ষানবিশি প্রশিক্ষণ ১৯ (চৌদ্দ) দিন গ্রহণ করতে হবে।

ঘ) প্রাথমিকভাবে ০৫ (পাঁচ) বছরের জন্য অস্থায়ী ভিত্তিতে তালিকাভুক্ত ভাতাভিত্তিক সদস্যকে সন্তোষজনক দায়িত্ব পালনের শর্তে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

ঙ) বর্তমান প্রচলিত সরকারি নিয়ম অনুযায়ী মাসিক সম্মানী/খোরাকী ভাতা প্রাপ্ত হবেন।

চ) যোগদান পত্রের সাথে ০২ (দুই) কপি ছবিসহ জীবন বৃত্তান্ত ফরম পূরণ করে জমা দিতে হবে।

ছ) বাহিনীর নীতিমালা অনুযায়ী তাদের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালনে বাধ্য থাকতে হবে।

জ) তাছাড়া সময়ে সময়ে আনসার-ভিডিপি সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা হতে জারিকৃত আদেশ-নির্দেশ মতে প্রদত্ত দায়িত্ব ও কর্তব্য পালন করতে বাধ্য থাকবে।

ঝ) জমাকৃত সনদপত্রে পরবর্তীতে যদি কোন গরমিল দেখা যায়, তাহলে তালিকাভুক্তি বাতিল করে সংশ্লিষ্টের বিরুদ্ধে আইনানুগ অবস্থা গ্রহণ করা হবে।

ঞ) এ আদেশ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে নিম্নস্বাক্ষরকারী পরিবর্তন করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

.................................
জেলা কমান্ড্যান্ট

পরিশিষ্ট-'খ'

বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/ থানা আনসার কোম্পানী, উপজেলা/ থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা-২০২৬

## শপথনামা

আমি......................................, পিতা/স্বামী-................................, গ্রাম/ওয়ার্ড................................, ডাকঘর-......................., উপজেলা/থানা-.........................., জেলা-....................... আনসার ও ভিডিপি বাহিনীর আদর্শে উদ্বুদ্ধ হয়ে এই মর্মে শপথ গ্রহণ করছি যে, আমি সমাজ ও দেশ সেবায় আত্মনিয়োগ করিব এবং ধর্মীয় অনুশাসন বিশ্বস্ততার সাথে মান্য করিব। আমি আমার উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসম্মত আদেশ নির্দেশ যথাযথভাবে মানতে বাধ্য থাকবো। আমি বাহিনীর একজন দায়িত্বপ্রাপ্ত সদস্য হিসেবে কোন প্রাকার রাজনৈতিক এবং অনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ হতে বিরত থাকিব। আমি বাংলাদেশের সংবিধানের প্রতি পূর্ণ অনুগত থাকবো এবং দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার্থে প্রয়োজনবোধে নিজের জীবন উৎসর্গ করবো। এছাড়া, সামাজিক ও রাষ্ট্রীয় বিভিন্ন কর্মকান্ডে নিরপেক্ষ ও নিবেদিত নেতৃত্ব প্রদানে আমি সর্বদা সক্রিয়ভাবে নিয়োজিত থাকিব।

স্বাক্ষরঃ

আমার সম্মুখে আজ ............................ খ্রিঃ তারিখে শপথ গৃহীত হল।

..................................

জেলা কমান্ড্যান্ট

বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা-২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
......................................

**প্রশংসাপত্র (Letter of Appreciation)**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আপনি জনাব................................................................................................, ....................................................................................................................................................বিগত ঠিকানা......................................................................................পর্যন্ত আপনার দায়িত্বপূর্ণ এলাকায় অত্যন্ত নিষ্ঠা, আন্তরিকতা ও প্রজ্ঞার ......................................হতে ................................পর্যন্ত সাথে ............................(পদের নাম উল্লেখ করতে হবে).................হিসেবে দায়িত্ব পালন করছেন, যা প্রশংসার দাবীদার। বিশেষ করে .................................(উল্লেখযোগ্য কাজের সংক্ষেপে বর্ণনা) ..............................ইত্যাদি ক্ষেত্রে আপনার ভূমিকা ছিল অনুপ্রেরণামূলক এবং অনুকরণীয়। তৃণমূল পর্যায়ে আপনার নেতৃত্ব সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণসহ অর্থনৈতিক সমৃদ্ধিকে ত্বরান্বিত করেছে, যা সার্বিকভাবে বাহিনীর মর্যাদাকে বৃদ্ধি করেছে।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী আপনার কৃতিত্বপূর্ণ কর্মকালীন সময়কে শ্রদ্ধার সাথে স্মরণ করছে এবং বাহিনীর সকল সদস্যদের পক্ষ থেকে আপনাকে অভিবাদন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছে।

ধন্যবাদান্তে
জেলা কমান্ড্যান্ট

**পরিশিষ্ট-'ঘ'**

বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/ থানা আনসার কোম্পানী, উপজেলা/ থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা-২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
....................................

স্মারক নং- তারিখ-........................................

প্রতি : ...............................................................................
ইউনিয়ন-ওয়ার্ড (পৌর)......................................................
উপজেলা/থানা ...............................জেলা..........................

বিষয় : **অব্যাহতি প্রদান প্রসঙ্গে।**
বরাত : ......................................................
(তালিকাভুক্তি পত্রের স্মারক নং)

আপনি জনাব...................................পিতা-...................................মাতা.................................. গ্রাম ......................................ডাকঘর- ...............................................উপজেলা/থানা........................................ জেলা- ...........................................গত.............................................তারিখ হতে .......................................... উপজেলা/থানা/ইউনিয়নে ............................হিসেবে অত্যন্ত প্রশংসনীয়ভাবে দায়িত্ব পালন করেছেন। বিদ্যমান নীতিমালা অনুসারে গত ..............................তারিখে আপনার বয়স/তালিকাভুক্তিকাল.................................বছর পূর্তিতে আপনার উক্ত নিয়োগের কার্যকারিতা শেষ হয়েছে। তৃণমূল পর্যায়ে নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে নতুন উপজেলা/থানা আনসার কোম্পানী/আনসার প্লাটুন/ইউনিয়ন আনসার প্লাটুন এ কমান্ডার/সহকারী কমান্ডার তালিকাভুক্ত করা হবে।

২। দায়িত্ব পালনকালীন সময়ে আপনি বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের আইনসঙ্গত আদেশ পালনে যে ভূমিকা রেখেছেন তা অনস্বীকার্যভাবে প্রশংসনীয়। আপনার অবদান বাহিনীর ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। আপনার অবদানের স্বীকৃতি স্বরূপ ভবিষ্যতে বাহিনীর সকল কর্মকাণ্ডে সম্ভব হলে আপনাকে সম্পৃক্ত করা হবে।

৩। আপনার কর্মস্পৃহা অতীতের ন্যায় অব্যাহত থাকবে এবং নতুন তালিকাভুক্ত উপজেলা/থানা আনসার কোম্পানী/আনসার প্লাটুন/ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার/সহকারী কমান্ডার তাঁর দায়িত্ব পালনে আপনার সক্রিয় সহযোগিতা পাওয়ার আশা রাখছে।

৪। প্রশংসনীয়ভাবে আপনার উপর অর্পিত দায়িত্ব পালন করার জন্য বাহিনীর পক্ষ থেকে আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আপনার সকল আইনানুগ প্রয়োজনে বাহিনী আপনার পাশে থাকার প্রতিশ্রুতি ব্যক্ত করছে। আপনার ভবিষ্যৎ মঙ্গল কামনা করছি।

...................................................
জেলা কমান্ড্যান্ট
...................................................

পরিশিষ্ট-'ঙ'

বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা-২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
....................................

তারিখ-........................................

স্মারক নং-

প্রতি : ..............................................................................
ইউনিয়ন-ওয়ার্ড (পৌর)......................................................
উপজেলা/থানা ..............................জেলা................................

বিষয় : **শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

বরাত : .....................................................
(তালিকাভুক্তি পত্রের স্মারক নং)

আপনি জনাব...................................পিতা-..................................মাতা.................................. এর বিরুদ্ধে নিম্নবর্ণিত অভিযোগ উত্থাপিত ও সূত্র মূলে গঠিত তদন্ত কমিটি কর্তৃক তা প্রমাণিত হওয়ায় আপনাকে বিদ্যমান নীতিমালার অনুচ্ছেদ ....................................অনুযায়ী সতর্ক/তিরস্কার/নিম্নোক্ত শাস্তি প্রদান করা হলো।

| অপরাধের বর্ণনা | শাস্তির বিবরণ | শাস্তি প্রদানকারী |
|---|---|---|
| | | |

আপনি বর্ণিত শাস্তির বিপরীতে আপীল/পুনর্বিবেচনার আবেদন করতে আগ্রহী হলে ৩০ (ত্রিশ) পঞ্জিকা দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট আপীল/পুনর্বিবেচনার আবেদন প্রেরণ করতে পারবেন।

.....................................
জেলা কমান্ড্যান্ট/রেঞ্জ কমান্ডার

পরিশিষ্ট-'চ'

## ব্যক্তি কর্তৃক পুরণকৃত তথ্য ফরম

০১। নাম :..............................................................................................................

০২। আইডি কার্ড নং :..............................................................................................................
(AVMISএ সদস্য আইডি নং)

০৩। পদবী :..............................................................................................................

০৪। পিতার নাম : ..............................................................................................................

০৫। মাতার নাম : ..............................................................................................................

০৬। স্থায়ী ঠিকানা : পাড়া/মহল্লা..............................................................................................................

গ্রাম............................................ডাকঘর .:..........................................................

উপজেলা/থানা.................................জেলা- ..........................................................

কত বছর যাবত বসবাস করছেন ..........................................................................

০৭। জন্ম তারিখ : তারিখ ............./................/.................(....... ......বছর.... ...........মাস.... ........দিন)

০৮। জাতীয় পরিচয়পত্র নং :..............................................................................................................

০৯। মোবাইল নম্বর :..............................................................................................................

১০। ধর্ম : .......................................................সম্প্রদায়.....................................................

১১। শিক্ষাগত যোগ্যতা : ..............................................................................................................

(শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ)

পরিশিষ্ট-'ছ'

(অফিস কর্তৃক পুরণকৃত তথ্য ফরম)

০১. তিনি কোন ফৌজদারী মামলায় বিবাদী হিসেবে জড়িত ছিলেন কিনা :......................................................................

০২. রাজনৈতিক মতাদর্শ (আবশ্যিক) :

ক) তিনি কোন রাজনৈতিক দলের সাথে জড়িত কি না? থাকলে বিবরণ:..............................................................

.................................................................................................................................

খ) তার পরিবারের কেউ রাজনৈতিক দলের সাথে জড়িত কি না? থাকলে বিবরণ :..................................................

.................................................................................................................................

গ) কোন রাজনৈতিক নেতৃত্বের ছত্রছায়ায় সুবিধাভোগী ছিলেন কি না? :..............................................................

.................................................................................................................................

ঘ) কোন রাজনৈতিক দলের অনুষ্ঠানে অংশগ্রহণ করেন কি না? :...............................................................

.................................................................................................................................

০৩. তিনি সংশ্লিষ্ট উপজেলা/থানা/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা কি না? :..........................................................................

০৪. তিনি অন্য কোথাও চাকরী করেন কি না, কিংবা অত্র বাহিনীর অন্যত্র কর্মরত আছেন কি না :.....................................

.................................................................................................................................

০৫. আপনার পরিবারের অন্য কোন সদস্য ভাতাভুক্ত সদস্য হিসেবে কর্মরত আছেন কি না :............................................

.................................................................................................................................

০৬. সমাজে উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা :.................................................................................................

.................................................................................................................................

০৭. পেশা/অর্থনৈতিক :.........................................................................................................................

বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী)তালিকাভুক্তিকরণ ও তালিকা হতে অব্যাহতি সংক্রান্ত নীতিমালা-২০২৬

## শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ছক

### আরোপযোগ্য শাস্তি এবং শাস্তি অনুমোদনকারী/শাস্তি পুনর্বিবেচনাকারী কর্তৃপক্ষঃ-

| ক্রঃ নং | অপরাধ | শাস্তি | শাস্তি প্রদানকারী কর্তৃপক্ষ | শাস্তি পুনর্বিবেচনা কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | বাহিনীর ভাবমূর্তি ক্ষুন্ন কারী কাজ করা | তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ২। | চাঁদাবাজি, উৎকোচ প্রদান/গ্রহণ | তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ৩। | ভুয়া পরিচয়পত্র বহন/ তথ্য গোপন রেখে তালিকাভুক্তি হওয়া/ ভুয়া সনদধারী | তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ৪। | মহিলাদের উত্যক্ত করা/ যৌন হয়রানী/ অসামাজিক কার্যকলাপ/ ধর্ষণজনিত অপরাধ | ১৫ দিন বা ১ মাসের ভাতা কর্তন\ তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ৫। | হুমকি প্রদান/ প্রাণনাশের হুমকি প্রদান | তিরস্কার/ তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ৬। | নেশা গ্রস্থ হওয়া/ জুয়া খেলা/ মাদক ব্যবসা/ চোরাচালান/ অপহরণে সংশ্লিষ্টতা | তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ৭। | চুরি/ মারামারি করা | তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ৮। | ট্রেনিং এ প্রশিক্ষণার্থী প্রেরণে ব্যর্থতা/ দায়িত্ব অবহেলা/গুরুতর দায়িত্ব অবহেলা | ০৭/১৫/৩০ দিনের ভাতা কর্তন/ তিরস্কার | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ৯। | কর্মস্থল হতে পলায়ন/ ভীরুতা | তিরস্কার/ তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ১০। | মাসিক সভায় অননুমোদিত অনুপস্থিতি (পর্যায়ক্রমিক ২য় বার) | ০৫ দিনের ভাতা কর্তন | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| | মাসিক সভায় অননুমোদিত অনুপস্থিতি (পর্যায়ক্রমিক ৩য় বার বা তদুর্ধ্ব বার) | ১ মাসের ভাতাকর্তন ও ভাতা স্থগিত/ তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ১১। | অসদাচরণ/ আদেশ অমান্য করা | তিরস্কার | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ১২। | দুর্নীতিগ্রস্থ হওয়া | তিরস্কার /তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি (শৃংখলাজনিত কারণে) | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ১৩। | দায়িত্বপূর্ণ এলাকা ব্যতীত অন্যত্র অযাচিত হস্তক্ষেপ করা বা করার প্রচেষ্টা করা | ০৫ দিনের ভাতা কর্তন | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| ১৪। | তথ্য গোপন করে দায়িত্বপূর্ণ এলাকার বাইরে অত্র বাহিনীতে/ অন্য কোন সরকারি বা বেসরকারি সংস্থায় চাকুরীরত থাকলে | তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |
| | নিজ এলাকার অভ্যন্তরে অত্র বাহিনীর অন্য যে কোন পদে বা সরকারি প্রতিষ্ঠানে চাকুরীরত থাকলে | | | |
| ১৫। | বিবিধ/জেলা কমান্ড্যান্ট/কর্তৃপক্ষের বিবেচনায় আমলযোগ্য যে কোন অপরাধ | তিরস্কার /তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যহতি | জেলা কমান্ড্যান্ট | উপমহাপরিচালক রেঞ্জ |

*শৃংখলাজনিত কারণে তালিকাভুক্তি বাতিল/ দায়িত্ব হতে অব্যাহতি শাস্তি প্রদানের ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট উপমহাপরিচালক রেঞ্জ এর পূর্বানুমোদন গ্রহন করবেন।

উপমহাপরিচালক (প্রশিক্ষণ)